

🗏 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২: ৭৭

আরবি মূল আয়াত:

اً وَ لَا يَعِلَمُونَ اَنَّ اللَّهَ يَعِلَمُ مَا يُسِرُّونَ وَ مَا يُعِلِنُونَ ﴿٧٧﴾

🗚 অনুবাদসমূহ:

তারা কি জানে না যে, তারা যা গোপন করে এবং যা প্রকাশ করে, তা আল্লাহ জানেন? — আল-বায়ান তাদের কি জানা নেই যে, যা তারা গোপন রাখে অথবা প্রকাশ করে অবশ্যই আল্লাহ তা জানেন? — তাইসিরুল তারা কি জানেনা যে, তারা যা গোপন রাখে এবং যা প্রকাশ করে, আল্লাহ সবই জানেন? — মুজিবুর রহমান But do they not know that Allah knows what they conceal and what they declare? — Sahih International

৭৭. তারা কি জানে না যে, তারা যা গোপন রাখে এবং যা ব্যক্ত করে, নিশ্চয় আল্লাহ তা জানেন?

তাফসীরে জাকারিয়া

৭৭। তারা কি জানে না যে, তারা যা গোপন রাখে কিংবা প্রকাশ করে নিশ্চিতভাবে আল্লাহ তা জানেন? (1)

(1) মহান আল্লাহ বলছেন, তোমরা বল আর না বল, আল্লাহ প্রত্যেক বিষয়ে অবগত। তোমরা না বললেও তিনি এই কথাগুলো মুসলিমদের জন্য প্রকাশ করে দিতে পারেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=84

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন